

হাই স্কুলে ভর্তি বিষয়ক একটি অনুষ্ঠানে আসুন!

তারিখ: 28 সেপ্টেম্বর, 2023

প্রিয় পরিবারবর্গ,

নিউ ইয়র্ক সিটিতে হাই স্কুলে ভর্তি বিষয়ক আমাদের আসন্ন ভার্সুয়াল তথ্য অধিবেশনগুলোর একটিতে যোগ দেয়ার জন্য আমরা আপনাদের আনন্দের সাথে আমন্ত্রণ জানাচ্ছি! নিউ ইয়র্ক সিটির সকল অষ্টম গ্রেডের শিক্ষার্থীর পরিবারদের (এর পাশাপাশি প্রথম-বারের নবম গ্রেডের আগ্রহী শিক্ষার্থীদের পরিবারদের) এই অনুষ্ঠানে যোগদানের জন্য উৎসাহিত করা হচ্ছে।

এই অধিবেশনগুলোতে, আপনারা জানবেন কীভাবে হাই স্কুলগুলো অন্বেষণ করতে হয় এবং একটি ভারসাম্যপূর্ণ আবেদন তৈরি করতে হয়, কীভাবে স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট (SHSAT)-এর জন্য রেজিস্টার করতে হয়, লাগোয়ার্ডিয়া হাই স্কুল সহ আর্টস প্রোগ্রামগুলোর জন্য কীভাবে অডিশন করতে হয়, এবং কীভাবে অফার প্রদান করা হয়। প্রতিটি উপস্থাপনার পর, আমরা আপনাদের প্রশ্নাবলীর জবাব দিব। হাই স্কুলে ভর্তির আবেদন এবং SHSAT রেজিস্ট্রেশন মঙ্গলবার, 3 অক্টোবর শুরু হবে।

সময়সূচিকৃত তারিখসমূহ:

- **বুধবার, 4 অক্টোবর (6pm-7pm) - পরীক্ষা গ্রহণকারী স্পেশালাইজড হাই স্কুলসমূহ:** স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট (SHSAT)-এর জন্য কীভাবে রেজিস্টার করতে হয় এবং এই স্কুলগুলোতে কীভাবে অফার প্রদান করা হয়। দোভাষী পরিষেবা চাইনিজ (ক্যান্টোনিজ), হেশিয়ান ক্রিওল, স্প্যানিশ, এবং আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ (ASL)-এ পাওয়া যাবে।
- **বুধবার, 11 অক্টোবর (6pm-7pm) - হাই স্কুলে ভর্তি বিষয়ক সাধারণ অনুষ্ঠান:** কীভাবে আপনার মাইস্কুলস অ্যাকাউন্ট দেখতে হবে তা থেকে শুরু করে আপনার আবেদনপত্র পূরণের জন্য সেরা কৌশলসমূহ পর্যন্ত, ভর্তি প্রক্রিয়ার উপর একটি উপরিচিত্র। দোভাষী পরিষেবা বাংলা, স্প্যানিশ, উর্দু, ও ASL-এ পাওয়া যাবে।
- **শুক্রবার, 13 অক্টোবর (3pm-4pm) - হাই স্কুলে ভর্তি বিষয়ক সাধারণ অনুষ্ঠান:** দোভাষী পরিষেবা চাইনিজ (ম্যাডারিন), হেশিয়ান ক্রিওল, রাশিয়ান, এবং ASL-এ পাওয়া যাবে।
- **বৃহস্পতিবার, 19 অক্টোবর (6pm-7pm) - হাই স্কুলে ভর্তি বিষয়ক সাধারণ অনুষ্ঠান, স্প্যানিশ ভাষায়**
- **মঙ্গলবার, 24 অক্টোবর (6pm-7pm) - হাই স্কুলে ভর্তি বিষয়ক সাধারণ অনুষ্ঠান, চাইনিজ (ম্যাডারিন) ভাষায়**
- **বৃহস্পতিবার, 26 অক্টোবর (6pm-7pm) - হাই স্কুলে ভর্তি বিষয়ক সাধারণ অনুষ্ঠান:** দোভাষী পরিষেবা আরবি, ফ্রেঞ্চ, কোরিয়ান, এবং ASL-এ পাওয়া যাবে।

কোনো অনুষ্ঠানে কীভাবে যোগ দেয়া যাবে:

- জুম-এ (Zoom) আমাদের সাথে যোগ দিতে অনুষ্ঠানের শুরুতে <https://bit.ly/2023FallHSEvents> - এ ক্লিক করুন
- ওয়েবিনার আইডি (ID): 971 5924 2580, পাসকোড 123456 অথবা
 - ফোন করুন, US নম্বর: + 1 646 558 8656
 - কনফারেন্স লাইন: 97159242580#
 - পাসকোড: 123456#

আমাদের অনুষ্ঠানসমূহে আপনারা যোগদান করবেন বলে প্রত্যাশা করছি এবং যোগাযোগ বজায় রাখতে উৎসাহিত করছি, schools.nyc.gov/HS।

কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে HSEnrollment@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

শুভেচ্ছান্তে,

হাই স্কুল অ্যাডমিশন্স টিম

অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট



এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে, আমাদের হাই স্কুল এবং/অথবা মিডল্ স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। হাই স্কুল এবং/অথবা মিডল্ স্কুল অ্যাডমিশন্স বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবসক্রাইব করতে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।